

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ২৩টি প্রতিষ্ঠানকে ১.৭৪ লক্ষ টাকা জরিমানা

২৮ জুন ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৮ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, বরিশাল, নারায়ণগঞ্জ, বরগুনা ও যশোরে আজ বাজার তদারকি করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজভীর নেতৃত্বে ঢাকা মহানগরীর মোহাম্মদপুর এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে মুসলিম সুইটস, বিক্রমপুর মিষ্টান্ন ভান্ডার ও দৈ ঘরকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা করে মোট ১৫,০০০/- (পনের হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রিনা বেগমের নেতৃত্বে ঢাকা মহানগরীর কাফরুল এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে কাজী হোটেল এন্ড রেস্তুরেন্ট ও ব্যাংক বেকারী এন্ড ফুড প্রোডাক্টসকে যথাক্রমে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ও ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকাসহ মোট ৮০,০০০/- (আশি হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর মোহাম্মদপুর এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে হোটেল গ্রীণ এন্ড রেস্তুরেন্টকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে হক বেকারী এন্ড ফুড সার্ভিসকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিন কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর বনানী এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে ৬টি প্রতিষ্ঠানকে ১০,০০০/- (দশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে বরিশাল বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক সুমী রাণী মিত্রের নেতৃত্বে বরিশাল সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ১৩,০০০/- (তের হাজার) টাকা, নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক তাহমিনা বেগমের নেতৃত্বে নারায়ণগঞ্জ সদর উপজেলা ও থানায় ৩টি প্রতিষ্ঠানকে ৮,০০০/- (আট হাজার) টাকা, যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখের নেতৃত্বে যশোর সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৭,০০০/- (সাত হাজার) টাকা এবং বরগুনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে বরগুনার পাথরঘাটা উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১৬,০০০/- (ষোল হাজার) টাকাসহ মোট ৪৪,০০০/- (চুয়াল্লিশ হাজার) টাকা পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী ও ওজনের কারচুপির অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ৮টি বাজার তদারকিতে ২৩টি প্রতিষ্ঠানকে মোট ১,৭৪,০০০/- (এক লক্ষ চুয়ান্ন হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানিটারী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, ক্যাব ও ঢাকা সিটি কর্পোরেশনের প্রতিনিধি এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, বরিশাল, খুলনা মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, বরিশাল, নারায়ণগঞ্জ, বরগুনা ও যশোর।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, বরিশাল, নারায়ণগঞ্জ, বরগুনা ও যশোর।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।